

সমকাল

যৌন নিপীড়নের অভিযোগে ঢাবি শিক্ষার্থী বহিষ্কার

প্রকাশ: ০২ এপ্রিল ২৩। ১৭:৫০ | আপডেট: ০২ এপ্রিল ২৩। ১৭:৫০

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক



যৌন নিপীড়ন ও জুনিয়রদের হেনস্তার অভিযোগ প্রমাণিত হওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ক্রিমিনোলজি বিভাগের এক শিক্ষার্থীকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। রোববার বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান বহিষ্কারের এই অনুমোদন প্রদান করেন।

বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দপ্তরের পরিচালক মাহমুদ আলমের সই করা বিজ্ঞপ্তিতে জানানো হয়, সাময়িক বহিষ্কৃত সাকিন তানভীর বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থী।

তাকে 'ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে কেন স্থায়ীভাবে বহিষ্কার করা হবে না' মর্মে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে এবং ৭ কার্যদিবসের মধ্যে লিখিত জবাব দিতে বলা হয়েছে।

এর আগে, সাকিন তানভীরের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের প্রক্টরিয়াল টিমের কাছে বিভিন্ন অভিযোগ দেন ক্রিমিনোলজি বিভাগের শিক্ষার্থীরা। পরে এসব অভিযোগ আমলে নিয়ে ওই বিভাগের শিক্ষক ও একজন সহকারী প্রক্টরকে নিয়ে তদন্ত কমিটি গঠন করা হয়।

© সমকাল ২০০৫ - ২০২৩

সম্পাদক : মোজাম্মেল হোসেন । প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com